

## ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ আম্বরখানা শাখা, সিলেট।

### অর্থস্থান আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স লিপি ক্যামিকেল কোং এর স্বত্ত্বাধিকারী জনাব রঞ্জিত পাল, পিতা- রমা কান্ত পাল, ব্যবসায়িক ঠিকানা: আমজাদ আলী রোড কালী ঘাট, সিলেট, স্থায়ী ঠিকানা: ৯ গ্রীন সিটি, কালী বাড়ী রোড মদিনা মার্কেট, সিলেট কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোত্তর দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ২০.১২.২০১৫ ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৭৩,০৬,৯০৮.৫৯ ( তিয়াত্তর লক্ষ ছয় হাজার নয় শত আট টাকা উনপঞ্চাশ পয়সা) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্ত নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলনোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

১। জেলা- সিলেট, থানা- সিলেট সদর (বর্তমান জালালাবাদ), মৌজা- ব্রাম্ভন শাসন, জেএল নং- এসএ-৭৭, আরএস নং- ৬৬, খতিয়ান নং- এস.এ.- ১২,২২,১৯৫, আরএস-১২৩৫, নামজারী-১৯৫৬, দাগ নং- এস.এ. ৬৬, আরএস ১১২৫, মোট জমির পরিমাণ ৬.০০ শতাংশ এবং তদুপরিস্থিত ০১ (এক) তলা বিল্ডিং, যাহার চৌহদ্দি উত্তরে- জনাব বিধান কুমার দাস, দক্ষিণে- প্রদীপ চক্রবর্তী, পূর্বে- সীমানা প্রাচীর, পশ্চিমে রাস্তা।

২। জেলা- সিলেট, থানা- জকিগঞ্জ, মৌজা- মরিচা, জেএল নং- এসএ ও আর.এস-৫২, খতিয়ান নং- এস.এ- ৬৬,৬৭ আর.এস- ২২৯, আর.এস ডিপি ৩২৭, নামজারী-৫৮০, দাগ নং- এস.এ. ৯১৫, আরএস.-১০৯৩, মোট জমির পরিমাণ ৯.৫০ শতাংশ যাহার চৌহদ্দি উত্তরে- রাস্তা, দক্ষিণে- ইয়াসিন আলী, পূর্বে ও পশ্চিমে- আব্দুল খালেক।

### নিলামের শর্তাবলী

- (১) আগামী ২০/০১/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট এ রাঙ্গিত বাল্লো সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং এ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রাদাতাকে উদ্ভৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্টার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ভৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রাদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রাদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।
- (৪) দরদাতাগন তফসিলভুক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।
- (৫) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৬) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন- রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৭) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হইবে না।
- (৮) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৯) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শনো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখা, সিলেট।